DETROIT
PUBLIC SCHOOLS
COMMUNITY DISTRICT

Office of School Nutrition

Support Services Complex, Building C • 1601 Farnsworth • Detroit, MI 48211
O (313) 578-7220

detroitk12.org

16 জুলাই, 2020

প্রিয় পিতামাতা বা অভিভাবক,

আমরা সানন্দে আপনাদের জানাচ্ছি যে ডেট্রয়েট পাবলিক স্কুল কমিউনিটি ডিস্ট্রিক্ট 2020 – 2021 স্কুল বর্ষের ন্যাশনাল স্কুল লাঞ্চ এবং স্কুল ব্রেকফাস্ট কর্মসূচির অংশ হিসাবে কমিউনিটি এলিজিবিলিটি প্রভিশন (সিইপি) -এ অংশ নেবে।

ভাল খবর হচ্ছে এই যে আমাদের স্কুলে ভর্তি সকল শিক্ষার্থী আপনার পরিবারের কোনও খরচ ছাড়া প্রতিদিন স্বাস্থ্যকর লাঞ্চ এবং ব্রেকফাস্ট করতে পরবে।

তারপরও নিখরচায় এবং হ্রাসকৃত মূল্যে খাবারের আবেদনের পরিবর্তে আপনার পরিবারকে গৃহস্থালি তথ্য **(হাউজহোল্ড ইনফরমেশন) প্রতিবেদনটি পূরণ করতে হবে।** বিভিন্ন স্টেট এবং ফেডারেল পরিপূরক প্রোগ্রাম যেমন টাইটেল ওয়ান A, অ্যাট-রিস্ক (31a), টাইটেল টু A, ই-রেট ইত্যাদি থেকে আমাদের স্কুলসমূহের প্রাপ্য অর্থের পরিমাণ নির্ধারণের জন্য এই প্রতিবেদনটি *গুরুত্বপূর্ণ।*

সংযুক্ত ফর্মটি পূরণ করা হলে তা আপনার সন্তান, তার শ্রেণিকক্ষ এবং স্কুলের জন্য নিম্নলিখিত বেনিফিট এবং রিসোর্সগুলো নিশ্চিত করতে সহায়তা করবে:

- বিনামূল্যে টিউটরিং এবং স্কুল ছুটি পরবর্তী কর্মসূচি
- আপনার সন্তানের শ্রেণিকক্ষের জন্য অতিরিক্ত শিক্ষক সহায়িকা এবং অন্যান্য বিশেষায়িত স্টাফ
- শ্রেণিকক্ষের প্রযুক্তি-কম্পিউটার, হোয়াইট বোর্ড এবং ইন্টারনেট
- ডট বাস কার্ড এবং অন্যান্য পরিবহণ সহায়তা
- ফ্রি গ্রীষ্মকালীন স্কুল এবং গ্রীষ্মের সমৃদ্ধকরণ কর্মসূচি
- বিনামূল্যে কলেজ পরীক্ষার পরিষেবা এবং কলেজ আবেদন ফি মওকুফ
- পিতামাতা ও কমিউনিটির সংশ্লিষ্টতা বিষয়ক উপকরণ এবং কার্যক্রম
- মাঠ ভ্রমণ, মাঠের দিনসমূহ এবং অন্যান্য অ্যাকাডেমিক সমৃদ্ধকরণ কার্যক্রম
- পেশাগত এবং প্রযুক্তিগত শিক্ষার সুযোগ

আমাদের শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য অতিরিক্ত তহবিল নিশ্চিত করার লক্ষ্যে আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব এটি পূরণ করে জমা দেওয়ার অনুরোধ জানাচ্ছি। দাখিল করা প্রতিবেদনের সকল তথ্য গোপনীয়। সংযুক্ত প্রতিবেদনটি পূরণ করে জমা দানে আপনার সহায়তা ছাড়া, আমাদের স্কুলসমূহ বিদ্যমান স্টেট এবং ফেডারেল তহবিলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারবে না।

আপনার আরও কোনও সহায়তায় প্রয়োজন হলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে (313)578-7220 নম্বরে যোগাযোগ করুন।

একান্ত বিশ্বস্ত,

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট

DPSCD does not discriminate based on race, color, national origin, sex, disability and/or religion.
Contact Compliance for more information at (313) 240-4377 or detroitk12.org/admin/compliance.

Office of School Nutrition
Support Services Complex, Building C • 1601 Farnsworth • Detroit, MI 48211
O (313) 578-7220
detroitk12.org

হাউজহোল্ড ইনফরমেশন রিপোর্ট পূরণ করার জন্য নির্দেশনাবলী

আপনার সঙ্গে বসবাসকারী যে কোন শিশু বা প্রাপ্ত বয়স্ক আপনার হাউজহোল্ডের সদস্য হিসাবে গণ্য হবে।

যদি আপনার পরিবারের কোনও সদস্য খাদ্য সহায়তা কর্মসূচি (এফএপি), ফ্যামিলি ইন্ডিপেন্ডেন্স প্রোগ্রাম (এফআইপি), অথবা এফডিপিআইআর থেকে ভাতাদি গ্রহণ করে, তাহলে অনুগ্রহ করে এই নির্দেশাবলী অনুসরণ করুন:

অংশ A: প্রদত্ত ঘরে সকল শিশুসহ আপনার পরিবারে বসবাসকারী ব্যক্তিদের মোট সংখ্যা লিখুন।
অংশ B: এফএপি, এফআইপি, বা এফডিপিআইআর ভাতা প্রাপ্ত পারিবারিক সদস্যের (পূর্ণ বয়স্কসহ) কেস নম্বর উল্লেখ করুন।
অংশ C: সন্তানের নামের প্রথম এবং শেষ অংশ, জন্মের তারিখ, যে স্কুলে পড়ছে তার নাম উল্লেখ করুন, এবং গৃহহীন হলে H, অভিবাসী হলে M, যদি পালানো বাচ্চা হয় R বা যদি পালিত বাচ্চা হয় F লিখুন।
অংশ D: এই অংশটি বাদ দিন।
অংশ E: ফর্মটি স্বাক্ষর করুন। আপনার নাম এবং তারিখ স্পষ্টাক্ষরে লিখুন।

যদি আপনার পরিবারের কোনও সদস্য খাদ্য সহায়তা কর্মসূচি (এফএপি), ফ্যামিলি ইন্ডিপেন্ডেন্স প্রোগ্রাম (এফআইপি), অথবা এফডিপিআইআর থেকে ভাতা না পায়, তাহলে অনুগ্রহ করে এই নির্দেশাবলী অনুসরণ করুন:

অংশ A: সকল শিশুসহ আপনার পরিবারে বসবাসকারী ব্যক্তিদের মোট সংখ্যা লিখুন।
অংশ B: এই অংশটি বাদ দিন।
অংশ C: সন্তানের নামের প্রথম এবং শেষ অংশ, জন্মের তারিখ, যে স্কুলে পড়ছে তার নাম উল্লেখ করুন, এবং গৃহহীন হলে H, অভিবাসী হলে M, যদি পালানো বাচ্চা হয় R বা যদি পালিত বাচ্চা হয় F লিখুন।
অংশ D: প্রযোজ্য প্রতিটি ধরনের আয়ের জন্য সকল মোট আয় লিখুন। আপনার এক বা একাধিক ধরনের আয় না থাকলে, সেগুলোর ঘরে নেই কথাটি বৃত্ত দিয়ে চিহ্নিত করুন। 1-6 লাইন পর্যন্ত যোগ দিন এবং মোট মাসিক গৃহস্থালী আয়ের পরিমাণ লিখুন।
অংশ E: ফর্মটি স্বাক্ষর করুন। আপনার নাম এবং তারিখ স্পষ্টাক্ষরে লিখুন।

DPSCD does not discriminate based on race, color, national origin, sex, disability and/or religion.
Contact Compliance for more information at (313) 240-4377 or detroitk12.org/admin/compliance.

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

Office of School Nutrition

Support Services Complex, Building C • 1601 Farnsworth • Detroit, MI 48211
O (313) 578-7220

detroitk12.org

হাউজহোল্ড ইনফরমেশন রিপোর্ট

আপনার স্কুল অতিরিক্ত স্টেট এবং ফেডারেল প্রোগ্রাম বেনিফিট প্রাপ্তির যোগ্যতা অর্জন করেছে কি-না তা নির্ধারণ করার জন্য অনুগ্রহ করে এই প্রতিবেদনটি পূরণ করুন, স্বাক্ষর করুন এবং এখানে পাঠিয়ে দিন
____।
(স্কুলের নাম)

এই বিভাগগুলি অবশ্যই পরিবারের প্রধান বা তার মনোনীত ব্যক্তি পূরণ করবেন।

অংশ A. পরিবারের আকার - আপনার পরিবারে সকল প্রাপ্তবয়স্ক এবং শিশুসহ মোট ব্যক্তির সংখ্যা লিখুন → ________

অংশ B. বর্তমানে প্রাপ্য বেনিফিটসমূহ - প্রযোজ্য হলে নিচে পূরণ করুন
আপনার পরিবারের কোন সদস্য খাদ্য সহায়তা কর্মসূচি (এফএপি), ফ্যামিলি ইন্ডিপেন্ডেন্স প্রোগ্রাম (এফআইপি), অথবা এফডিপিআইআর থেকে ভাতা পেয়ে থাকলে অনুগ্রহ করে যারা তা পাচ্ছেন তাদের নাম এবং কেস নম্বর উল্লেখ করুন। কেস নম্বর হিসাবে ব্রিগেড কার্ড নম্বর এবং মেডিকএইড নম্বর গ্রহণযোগ্য নয়।

নাম: ____ কেস নম্বর: ____________________________________

অংশ C. শিক্ষার্থীর তথ্য – প্রি-কে থেকে ১২ গ্রেড়ের প্রতিটি শিক্ষার্থীর জন্য পূরণ করুন

নামের শেষাংশ	**নামের প্রথমাংশ**	**জন্ম তারিখ** XX-XX-XXXX	**স্কুল**	**পরিচিতি** গৃহহীন হলে H অভিবাসী হলে M পালানো বাচ্চা হলে R পালিত হলে F

আপনার যদি অতিরিক্ত লাইনের প্রয়োজন হয় তাহলে এই প্রতিবেদনের সঙ্গে একটি দ্বিতীয় পাতা সংযুক্ত করুন বা এই প্রতিবেদনের একটি অনুলিপি স্পষ্টভাবে পৃষ্ঠা ২ হিসাবে চিহ্নিত করে সংযুক্ত করুন।

অংশ D. পরিবারের সর্বমোট মাসিক আয় – পালিত সন্তান ছাড়া পরিবারের সকল সদস্যের আয় লিখুন। উপরে যদি কোন কেস নম্বর উল্লেখ করে থাকেন, তাহলে আপনাকে এই বিভাগ পূরণ করতে হবে না। শুধু ফর্মটিতে স্বাক্ষর করুন এবং তারিখ দিন।

DPSCD does not discriminate based on race, color, national origin, sex, disability and/or religion.
Contact Compliance for more information at (313) 240-4377 or detroitk12.org/admin/compliance.

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

Office of School Nutrition

Support Services Complex, Building C • 1601 Farnsworth • Detroit, MI 48211
O (313) 578-7220

detroitk12.org

আয়ের ধরণ	**আয়**	**নয়া থাকলে বৃত্তাকার চিহ্ন দিন**
1. মাসিক মোট আয়: মজুরি, বেতন, কমিশন	$	নাই
2. মাসিক ওয়েলফেয়ার পেমেন্ট, চাইল্ড সাপোর্ট, অ্যালিমোনি	$	নাই
3. পেনশন, রিটায়ারমেন্ট, সোশ্যাল সিকিউরিটি থেকে মাসিক পেমেন্ট	$	নাই
4. সঞ্চয়ের উপর মাসিক লভ্যাংশ বা সুদ	$	নাই
5. মাসিক ওয়ার্কার্স কম্পেনসেশন, বেকার ভাতা, স্ট্রাইক বেনিফিট	$	নাই
6. অন্যান্য মাসিক আয় (এসএসআই, ভিএ, ডিসঅ্যাবিলিটি, ফার্ম, অন্যান্য)	$	নাই
সর্বমোট মাসিক আয় (লাইন 1-6 যোগ দিন)	$	

অংশ E. স্বাক্ষর - আমি এই মর্মে প্রত্যায়ন করছি যে এই প্রতিবেদনের যাবতীয় তথ্য সত্য এবং সকল আয় উল্লেখ করা হয়েছে। আমি অনুধাবন করি যে স্কুল আমার দেওয়া তথ্যের ভিত্তিতে ফেডারেল/স্টেট তহবিল পাবে। আমি অনুধাবন করি যে স্কুল কর্মকর্তারা আমার দেওয়া তথ্যের সত্যতা যাচাই করতে (চেক করতে) পারেন।

________________________ ________________________ ____________

(স্বাক্ষর) (স্পষ্টাক্ষরে নাম) (তারিখ)

____

(ঠিকানা) (সিটি) (জিপ)

______________________ ________________________ __________________________

(বাড়ির ফোন) (কর্মস্থলের ফোন) (ইমেইল ঠিকানা)

আপনার ইমেইল ঠিকানা থাকলে ডিস্ট্রিক্ট আপনাকে ইমেইলে যোগাযোগ করতে পারে।

DPSCD does not discriminate based on race, color, national origin, sex, disability and/or religion.
Contact Compliance for more information at (313) 240-4377 or detroitk12.org/admin/compliance.